

## এইচএসসি পরীক্ষা

## কেন্দ্রের ২০০ গজের মধ্যে প্রবেশ নিষেধ

অনলাইন ডেস্ক

৩০ জুন ২০২৪, ০৯:০১ এএম



পরীক্ষার কেন্দ্রের ২০০ গজে মধ্যে সাধারণের প্রবেশ নিষিদ্ধ ঘোষণা। ছবি: ফোকাস বাংলা

সারা দেশে এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু হচ্ছে আজ। শিক্ষার্থীদের কেন্দ্রে প্রবেশে যেন বিঘ্ন না ঘটে, একইসঙ্গে নিরাপত্তার কারণে ঢাকা মহানগরীতে পরীক্ষার কেন্দ্রের ২০০ গজে মধ্যে সাধারণের প্রবেশ নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে।

UNIBOTS

ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি) কমিশনার হাবিবুর রহমান স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

এতে বলা হয়, পরীক্ষা কেন্দ্রগুলোতে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হওয়া নিশ্চিত করার প্রয়োজনে ঢাকা মেট্রোপলিটন পুলিশ অর্ডিন্যান্স (অর্ডিন্যান্স নং-III/১৯৭৬) এর ২৮ ও ২৯ ধারায় পরীক্ষা কেন্দ্রসমূহের ২০০ গজের মধ্যে পরীক্ষার্থী ছাড়া জনসাধারণের প্রবেশ সম্পূর্ণরূপে নিষিদ্ধ।

এই আদেশ পরীক্ষা শুরুর দিন থেকে পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার দিনগুলোতে পরীক্ষা চলাকালীন পর্যন্ত বলবৎ থাকবে।

এইচএসসি পরীক্ষা

প্রবেশ নিষেধ